



## উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়

### ঢাকা বিশ্ববিদ্যালয়

ঢাকা বিশ্ববিদ্যালয়ের অন্তর্ভুক্ত উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের উদ্যোগে ‘মহান বিজয় দিবস - ২০২২’ উদ্যাপন করা হয়। ১৬ ডিসেম্বর ২০২২ শুক্রবার মহান বিজয় দিবসের অনুষ্ঠান পৰিত্র ধর্মগ্রন্থ পাঠের মাধ্যমে শুরু হয়। পৰিত্র কোরআন থেকে তেলাওয়াত করে ৬ষ্ঠ শ্রেণির শিক্ষার্থী মুহতামিন আল মাহাদী। গীতা পাঠ করে ৫ম শ্রেণির শিক্ষার্থী রচনা দন্ত। ত্রিপিটক পাঠ করে ৮ম শ্রেণির শিক্ষার্থী মানবতা বড়ুয়া। এ অনুষ্ঠানে শিক্ষার্থীদের পক্ষ থেকে বক্তব্য রাখে ১০ম শ্রেণির শিক্ষার্থী অহনা অরুণিমা। উক্ত অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থেকে মূল্যবান বক্তব্য প্রদান করেন গভর্নিং বডির সম্মানিত সদস্য অধ্যাপক ড. এস এম আব্দুর রহমান। উক্ত অনুষ্ঠানে সভাপতির আসন অলংকৃত করে গুরুত্বপূর্ণ বক্তব্য প্রদান করেন বিদ্যালয়ের অধ্যক্ষ জনাব জহুরা বেগম। অনুষ্ঠান সপ্তগ্রন্থ করেন সহকারী শিক্ষক জনাব মোঃ আলাউদ্দীন মঙ্গল। মহান বিজয় দিবসের অনুষ্ঠানের শেষাংশে শিক্ষার্থীরা মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান উপহার দেয় এবং কয়েকজন শিক্ষক স্বরচিত কবিতা আবৃত্তি ও গান করেন। সাংস্কৃতিক পর্ব গ্রন্থনা, পরিচালনা ও উপস্থাপনা করেন বিশিষ্ট সংগীতশিল্পী সহকারী শিক্ষক জনাব সঞ্জয় কবিরাজ। অনুষ্ঠানের আলোচনা পর্ব শেষে বিভিন্ন প্রতিযোগিতায় বিজয়ী শিক্ষার্থীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিদ্যালয়ের শিক্ষার্থী, সম্মানিত অভিভাবক, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ। অনুষ্ঠানটি জাতীয় সঙ্গীত গাওয়ার মাধ্যমে সমাপ্ত হয়।



মহান বিজয় দিবসের অনুষ্ঠানে কোরআন তেলাওয়াত করে ৬ষ্ঠ শ্রেণির শিক্ষার্থী মুহতামিন আল মাহাদী



গীতা পাঠ করে ৬ষ্ঠ শ্রেণির শিক্ষার্থী রচনা দত্ত



ত্রিপিটক পাঠ করে ৮ম শ্রেণির শিক্ষার্থী মানবতা বড়ুয়া



অনুষ্ঠানে সভাপতি হিসেবে বক্তব্য রাখেন বিদ্যালয়ের অধ্যক্ষ জনাব জগত্রা বেগম



প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখছেন গভর্নিং বড়ির সমানিত সদস্য অধ্যাপক ড. এস এম আব্দুর রহমান



শিক্ষার্থীদের পক্ষ থেকে বক্তব্য রাখেন ১০ম শ্রেণির শিক্ষার্থী অহনা আরুনিমা



স্বরচিত কবিতা আবৃত্তি করেন সহকারী শিক্ষক মাহমুদা বেগম



স্বরচিত কবিতা আবৃত্তি করেন সহকারী শিক্ষক রেকসোনা জাহান লিপি



স্বরচিত গান পরিবেশন করছেন মোছাঃ শরিফা খাতুন



অনুষ্ঠানে শিক্ষকদের পক্ষ থেকে বক্তব্য রাখেন প্রভাষক মোহাম্মদ জাকির হোসেন (গণিত)



মুনাজাত পরিচালনা করেন প্রভাষক মোঃ আবদুস সালাম



মুনাজাতে অংশগ্রহণকারীগণের একাংশ



প্রধান অতিথির কাছ থেকে পুরস্কার গ্রহণ করছে বিজয় দিবস উপলক্ষে চিত্রাঙ্কন প্রতিযোগিগতায় বিজয়ী শিক্ষার্থী



প্রধান অতিথির কাছ থেকে পুরস্কার গ্রহণ করছে বিজয় দিবস উপলক্ষে চিত্রাঙ্কন প্রতিযোগিগতায় বিজয়ী শিক্ষার্থী



অনুষ্ঠানে সমবেত শিক্ষার্থী, শিক্ষক ও অভিভাবকবৃন্দ



বিজয় দিবসের অনুষ্ঠানে গান পরিবেশন করছে বিদ্যালয়ের শিক্ষার্থীরা



অনুষ্ঠান শেষে সমবেত কর্তৃ জাতীয় সঙ্গীত পরিবেশনের দৃশ্য